



গুরুতর অপারেশনের জন্য আপনার অ্যানেস্থেটিক

পরবর্তীতে পরিকল্পিত হাই ডিপেন্ডেন্সি
বা ইন্টেনসিভ কেয়ারসহ

গুরুতর অপারেশনের জন্য অ্যানেস্থেটিক নেওয়া এবং পরবর্তীতে হাই ডিপেন্ডেন্সি ইউনিট (এইচডিইউ) বা ইন্টেনসিভ কেয়ার ইউনিটে (নিবিড় পরিচর্যা কেন্দ্র বা আইসিইউ) থাকতে হলে কী আশা করা যায়, এই লিফলেটে তা ব্যাখ্যা করা হয়েছে। অ্যানেস্থেটিস্টরা রোগী ও তাদের প্রতিনিধিদের সাহায্য নিয়ে এটি লিখেছেন।

এই লিফলেটে বিভিন্ন ধরনের অ্যানেস্থেটিকের বর্ণনা নেই। এই ব্যাপারে তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে **আপনি এবং আপনার অ্যানেস্থেটিক** লিফলেটটি আপনার নিজের ভাষায় পড়ুন : www.rcoa.ac.uk/patientinfo/translations

বিষয়বস্তু

এই লিফলেটে যা ব্যাখ্যা করা হয়েছে :

- সার্জারির পর আইসিইউ বা এইচডিইউতে অবস্থান
- সার্জারির আগে কী হবে
- সার্জারির জন্য কীভাবে প্রস্তুতি নেবেন
- অপারেশনের দিনে কী হবে
- অপারেশনের পরে কী হবে
- আপনার অ্যানেস্থেটিস্টের সাথে কীভাবে ঝুঁকি ও বিকল্পগুলো নিয়ে আলোচনা করবেন
- আরও তথ্য কোথায় পাওয়া যাবে।

গুরুতর সার্জারি ও ইন্টেনসিভ কেয়ার (নিবিড় পরিচর্যা)

ইন্টেনসিভ কেয়ার ও হাই ডিপেন্ডেন্সি ইউনিটগুলো হলো বিশেষ ওয়ার্ড যেখানে গুরুতর অসুস্থ রোগীদের পরিচর্যা করা হয়। গুরুতর সার্জারির পর কিছু রোগীকে আইসিইউ বা এইচডিইউতে পাঠানো হতে পারে, সেখানে বিশেষভাবে প্রশিক্ষিত নার্স ও ডাক্তাররা তাদেরকে কাছ থেকে পর্যবেক্ষণ করবেন। আইসিইউ এবং এইচডিইউতে যে চিকিৎসা ও সরঞ্জাম থাকে, সাধারণ ওয়ার্ডে সেগুলো সচরাচর পাওয়া যায় না। আপনার সার্জারির পর আইসিইউ বা এইচডিইউতে থাকা লাগবে কি না, সে বিষয়ে আপনার সার্জন বা অ্যানেস্থেটিস্ট আপনার সাথে কথা বলবেন।

গুরুতর সার্জারির জন্য প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিক (অপারেশনের পূর্ব মূল্যায়ন ক্লিনিক)

আপনাকে সাধারণত আপনার সার্জারির কয়েক সপ্তাহ আগে একটি প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিকে আসতে বলা হবে। আপনাকে সহায়তা করার জন্য পরিবারের একজন সদস্য বা বন্ধুকে সাথে নিয়ে আসলে ভালো হয়।

অনুগ্রহ করে এই জিনিসগুলো সাথে নিয়ে আসবেন :

- আপনি যেসব ওষুধ খাচ্ছেন তার একটি তালিকা অথবা মূল প্যাকেটসহ সকল ওষুধ
- অন্য হাসপাতালে করানো সকল পরীক্ষা ও চিকিৎসা সংক্রান্ত তথ্য
- আপনি বা আপনার পরিবারের কারও অ্যানেস্থেটিক ব্যবহারের কারণে কোনও এলার্জি বা সমস্যা হয়ে থাকলে সেগুলোর তথ্য
- সাম্প্রতিক রক্তচাপ পরিমাপের ফলাফল।

একজন নার্স আপনার স্বাস্থ্য এবং সক্রিয়তার মাত্রা সম্পর্কে বিস্তারিত প্রশ্ন করবেন।

- রক্ত পরীক্ষা, ইসিজি (ইলেক্ট্রোকার্ডিওগ্রাম বা হার্ট ট্রেসিং) এবং কখনও কখনও অন্যান্য পরীক্ষা করা হবে বা করার জন্য অনুরোধ করা হবে। বিশ্রাম এবং ব্যায়ামের সময় আপনার হৃদপিণ্ড ও ফুসফুস কতটা ভালো কাজ করে দেখার জন্য আপনাকে একটি ব্যায়ামের সাইকেলে (এক্সারসাইজ বাইক) সিপিইটি (কার্ডিওপালমোনারি এক্সারসাইজ টেস্ট) করতে বলা হতে পারে। অপারেশন এবং আরোগ্যলাভের সাথে আপনার শরীর কতটা ভালোভাবে মানিয়ে নেবে তা অনুমানে সহায়তা করতে এটা ব্যবহার করা হতে পারে। এটি আপনার অপারেশনের ঝুঁকি এবং সুস্থ হতে আপনার আইসিইউ বা এইচডিইউ দরকার হবে কি না বুঝতে ডাক্তারদের সহায়তা করে।
- অপারেশন আগে শারীরিকভাবে আরও সুস্থ হওয়ার জন্য আপনাকে কিছু ব্যায়াম ও পুষ্টিকর খাবার দেওয়া হতে পারে। এটি 'প্রিহ্যাবিলেশন' নামে পরিচিত।
- একজন অ্যানেস্থেটিস্ট আপনার সাথে অ্যানেস্থেটিক এবং আপনার জন্য নির্দিষ্ট ঝুঁকির বিষয়ে কথা বলতে পারেন। আপনাকে যদি অ্যানেস্থেটিস্টের সাথে কথা বলার প্রস্তাব দেওয়া না হয় এবং আপনি যদি কথা বলতে চান, অবশ্যই এ ব্যাপারে কর্তৃপক্ষকে জানাবেন যাতে এটির ব্যবস্থা করা হয়।
- আপনার অন্যান্য সমস্যা (যেমন ডায়াবেটিস, হাঁপানি, উচ্চ রক্তচাপ, অথবা মৃগীরোগ) থাকলে ক্লিনিকের কর্মী আপনাকে সেসব ব্যাপারে জিজ্ঞাসা করবেন। এগুলোর অবস্থা উন্নত করা গেলে আপনাকে অন্য বিশেষজ্ঞ অথবা আপনার জিপির সাথে সাক্ষাৎ করার পরামর্শ দেওয়া হতে পারে। কখনও কখনও আপনার চিকিৎসা পরিবর্তন করা দরকার হতে পারে। অনেক সময় আপনার স্বাস্থ্যের উন্নতি না হওয়া পর্যন্ত অপারেশন বিলম্বিত করা হতে পারে।
- অপারেশনের পূর্বে, অপারেশন চলাকালীন এবং অপারেশনের পর কী ঘটে সে সম্পর্কে নার্স কিছু তথ্য দেবেন। প্রশ্ন করার এবং কোনও উদ্বেগ নিয়ে আলোচনা করার জন্য এটি একটি ভালো সময়।
- আপনার অপারেশনের আগে কখন খাবার ও পানীয় বন্ধ করতে হবে সে সম্পর্কে আপনাকে স্পষ্ট নির্দেশনা দেওয়া হবে। এই নির্দেশনা অনুসরণ করা গুরুত্বপূর্ণ। অ্যানেস্থেটিকের সময় আপনার পাকস্থলীতে খাবার বা তরল থাকলে এগুলো গলায় উঠে আসতে পারে এবং ফুসফুসে চলে যেতে পারে।
- এছাড়াও, কোন কোন ওষুধ খেতে হবে এবং সেগুলো সার্জারির দিন পর্যন্ত চালিয়ে যাওয়া লাগবে কি না, সে ব্যাপারে আপনাকে অবশ্যই নির্দেশনা দেওয়া হবে।

সার্জারি এবং আরোগ্যলাভের প্রস্তুতির জন্য আপনি অনেক কিছুই করতে পারেন। শারীরিকভাবে সুস্থ যেসকল রোগী তাদের স্বাস্থ্য উন্নত করতে ও সক্রিয়তা বৃদ্ধি করতে সক্ষম, তারা সার্জারির পর আরও দ্রুত এবং বেশি জটিলতা ছাড়াই সুস্থ হয়ে ওঠেন।

আমাদের **ফিটার বেটার সুনার** রিসোর্সগুলোতে অপারেশনের জন্য শারীরিকভাবে আরও সুস্থ-সবল হতে এবং ভালোভাবে প্রস্তুত হওয়ার পরামর্শ পাওয়া যাবে। আপনার ভাষায় আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন : www.rcoa.ac.uk/patientinfo/translations

অপারেশনের দিন

খাওয়া, পান করা এবং ওষুধ সেবনের বিষয়ে আপনাকে দেওয়া নির্দেশনা সাবধানে অনুসরণ করা অপরিহার্য।

আপনার অ্যানেস্থেটিস্টের সাথে সাক্ষাৎ

প্রি-অ্যাসেসমেন্ট ক্লিনিকে একজন অ্যানেস্থেটিস্টের সাথে আপনার সাক্ষাৎ হতে পারে। অন্যথায়, সার্জারির দিন হাসপাতালে আপনার সাথে অ্যানেস্থেটিস্টের সাক্ষাৎ হবে। একজন অ্যানেস্থেটিস্ট হলেন একজন ডাক্তার যিনি অ্যানেস্থেসিয়া, ব্যথার চিকিৎসা এবং আইসিইউতে রোগীদের যত্ন নেওয়ার ক্ষেত্রে বিশেষ প্রশিক্ষণ নিয়েছেন।

তিনি যা যা করতে পারেন :

- আপনার স্বাস্থ্য সম্পর্কে আপনাকে আবারও জিজ্ঞাসা করবেন, এবং প্রি-অ্যাসেসমেন্ট ক্লিনিকে রেকর্ড করা তথ্যগুলো সম্পর্কে স্পষ্ট বা নিশ্চিত হবেন
- আপনার বিভিন্ন পরীক্ষার ফলাফল পর্যালোচনা করবেন
- আপনার হৃৎপিণ্ড এবং শ্বাসপ্রশ্বাসের শব্দ যন্ত্র দিয়ে শুনবেন
- আপনার ঘাড়, চোয়াল, মুখ এবং দাঁত দেখবেন।

অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আপনার অ্যানেস্থেটিকের বিষয়ে, অপারেশনের সময় কিংবা অপারেশনের পরে আপনার দেখাশোনা করার জন্য অতিরিক্ত কিছু করার দরকার আছে কি না জানতে, এবং ব্যথা উপশমের পদ্ধতিগুলো নিয়ে কথা বলবেন। তিনি আপনার প্রশ্নের উত্তর দিতে পারবেন এবং অ্যানেস্থেটিক নিয়ে আপনার যে-কোনো উদ্বেগ নিয়ে আলোচনা করবেন।

অপারেশনের জন্য প্রস্তুতি

- আপনাকে একটি থিয়েটার গাউন পরতে বলা হবে এবং কম্প্রেশন স্টকিংসের (মোজা) জন্য আপনার মাপ নেওয়া হতে পারে। এগুলো আপনার পায়ে রক্ত জমাট বাঁধা প্রতিরোধ করতে সহায়তা করে।
- আপনার আরও রক্ত পরীক্ষা করা হতে পারে।
- কর্মীদের একজন সদস্য একটি চেকলিস্ট পূরণ করবেন এবং আপনাকে থিয়েটারে নিয়ে যাবেন। আপনি পায়ে হেঁটে অথবা হুইলচেয়ারে অথবা ট্রলিতে করে অপারেশন থিয়েটারে যাবেন।
- আপনার চশমা, কন্টাক্ট লেন্স, শ্রবণ যন্ত্র বা আলগা দাঁত থাকলে আপনি সেগুলো পরে অপারেটিং থিয়েটারে যেতে পারেন। অ্যানেস্থেটিক শুরু হওয়ার আগে আপনাকে সেগুলো অপসারণ করতে হবে যাতে সেগুলো ক্ষতিগ্রস্ত না হয় বা নড়ে না যায়।

অপারেটিং বিভাগ ('থিয়েটার')

আপনি অপারেশন থিয়েটারে পৌঁছালে কর্মীরা আপনার পরিচয়, আপনার কোন অপারেশন হবে, এবং আপনার কোনও অ্যালার্জি আছে কি না নিশ্চিত হবেন। আপনার কোনও প্রশ্ন বা উদ্বেগ থাকলে অবশ্যই একজন কর্মীকে জানাবেন।

- আপনার পরিচর্যায় নিয়োজিত অ্যানেস্থেটিস্ট ও থিয়েটার নার্সদেরকে সাহায্য করার জন্য কর্মীরা সেখানে থাকবেন। প্রশিক্ষণার্থী অ্যানেস্থেটিস্ট এবং মেডিকেল শিক্ষার্থীরাও সেখানে উপস্থিত থাকতে পারেন। শিক্ষার্থীদের উপস্থিতি আপনার জন্য অস্বস্তিকর হলে আপনি জানাতে পারেন।

- আপনার হৃদস্পন্দন, রক্তচাপ এবং অক্সিজেনের মাত্রা ক্রমাগত পর্যবেক্ষণের জন্য আপনার শরীরে বিভিন্ন যন্ত্র লাগানো থাকবে। আপনার বুকে লাগানো স্টিকি প্যাড আপনাকে হার্ট মনিটরের সাথে যুক্ত করবে। আপনার আঙুল বা কানের লতিতে লাগানো একটি ছোটো ক্লিপ আপনার রক্তে অক্সিজেনের মাত্রা পরিমাপ করতে ব্যবহৃত হয়।
- আপনার অ্যানেস্থেটিস্ট প্রথমে একটি সুঁই ব্যবহার করে আপনার হাতে বা বাহুতে একটি ক্যানুলা (সরু প্লাস্টিকের টিউব) প্রবেশ করাবেন। এটি অপারেশনের সময় আপনাকে ওষুধ এবং তরল ('ড্রিপ') দিতে ব্যবহৃত হয়। স্থানটি অসাড় করার জন্য সেখানে প্রথমে লোকাল অ্যানেস্থেটিক ক্রিম লাগানো হতে পারে।
- অনেকসময় আপনার ঘাড়ে আরেকটি ক্যানুলা প্রবেশ করানো হতে পারে, একে বলা হয় সেন্ট্রাল লাইন। ওষুধ দেওয়া এবং অপারেশন চলাকালীন ও পরবর্তীতে আপনাকে পর্যবেক্ষণ করার জন্য এটি ব্যবহৃত হয়। বিষয়টি নিয়ে অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আলোচনা করবেন।
- অপারেশনের ধরন এবং আপনার সাধারণ স্বাস্থ্য বিবেচনা করে অ্যানেস্থেটিস্ট আপনার একটি ধমনীতে (আর্টারি) আরেক ধরনের ক্যানুলা প্রবেশ করাতে পারেন, একে আর্টারিয়াল লাইন বলা হয়। সাধারণত আপনি ঘুমিয়ে থাকার সময় এটি করা হবে। এটি আপনার রক্তচাপ ক্রমাগত পরিমাপ করতে দেয় এবং অপারেশন চলাকালীন আরও রক্ত পরীক্ষার জন্যও এটি ব্যবহার করা যেতে পারে।
- আপনার যদি ব্যথা উপশমের জন্য স্পাইনাল অ্যানেস্থেটিক বা এপিডুরাল নিতে হয়, তাহলে এটি সাধারণত আপনাকে জেনারেল অ্যানেস্থেটিক দেওয়ার আগেই করা হবে।

সকল প্রস্তুতি সম্পন্ন হয়ে গেলে অ্যানেস্থেটিস্ট আপনাকে একটি মাস্কের মাধ্যমে শ্বাস নেওয়ার জন্য অক্সিজেন দেবেন এবং ধীরে ধীরে ইনজেকশনের সাহায্যে আপনার ক্যানুলায় অ্যানেস্থেটিক ওষুধ দেবেন। এই সময় থেকে অপারেশন শেষ না হওয়া পর্যন্ত আপনি অন্য কোনোকিছু সম্পর্কে অবগত থাকবেন না।

কিছু সার্জারির ক্ষেত্রে আপনি ঘুমিয়ে গেলে আপনার সাথে অন্যান্য যন্ত্র যুক্ত করা হতে পারে, এগুলোর মাধ্যমে সার্জারি টিম অপারেশনের সময় আপনার অবস্থা পর্যবেক্ষণ করতে পারে এবং আপনার শরীরে তরল দেওয়া যায়।

রক্ত পরিসঞ্চালন (ব্লাড ট্রান্সফিউশন)

সকল গুরুতর অপারেশনের সময় রক্ত পরিসঞ্চালন দরকার হতে পারে। শুধুমাত্র অত্যাৱশ্যক হলেই রক্ত দেওয়া হয়। আপনি রক্ত পরিসঞ্চালন করতে না চাইলে অপারেশনের বেশ কয়েকদিন আগেই আপনার ডাক্তারদের সাথে এটি নিয়ে আলোচনা করতে হবে।

আপনি আগে থেকেই আপনার অ্যানেস্থেটিস্টের কাছ থেকে রক্ত পরিসঞ্চালন এবং এর সম্ভাব্য যে-কোনো বিকল্প সম্পর্কে জানতে পারেন। অথবা এনএইচএস ওয়েবসাইট ভিজিট করুন :

www.nhsbt.nhs.uk/what-we-do/blood-services/blood-transfusion

ব্যথা থেকে মুক্তি

ভালোভাবে ব্যথা দূর হওয়া গুরুত্বপূর্ণ। এটি আপনাকে আরও ভালো বোধ করায়, আরও দ্রুত সুস্থ হতে সাহায্য করে, এবং কিছু জটিলতার সম্ভাবনা কমতে পারে।

আপনি যদি আপনার অপারেশনের পরে সহজেই গভীরভাবে শ্বাস নিতে পারেন এবং ঠিকমতো কাশি দিতে পারেন, তাহলে আপনার বুকে সংক্রমণ হওয়ার সম্ভাবনা কম।

আপনি যদি আপনার পা নাড়াতে এবং হাঁটতে পারেন, তবে আপনার পায়ে বা অন্য কোথাও রক্ত জমাট বাঁধার (ডিপ ভেইন থ্রম্বোসিস বা ডিভিটি) সম্ভাবনা কম।

মুখে ট্যাবলেট বা তরল বা ক্যানুলা দিয়ে আপনাকে নিয়মিত বেদনানাশক দেওয়া হবে। নিম্নলিখিত এক বা একাধিক ধরনের বেদনানাশক আপনার জন্য উপযুক্ত হতে পারে, যা আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আলোচনা করবেন।

এপিডুরাল

আপনার অ্যানেস্থেটিস্ট আপনার পিঠের হাড়ের মধ্যে একটি সুক্ষ প্লাস্টিকের টিউব (ক্যাথেটার) ঢোকানোর জন্য একটি সুই ব্যবহার করবেন। এটি সাধারণত আপনি ঘুমিয়ে যাওয়ার আগেই করা হয়। অপারেশনের সময় এবং আরও কয়েকদিন পরেও এই টিউবের মাধ্যমে লোকাল অ্যানেস্থেটিক দেওয়া হয়। এপিডুরাল সক্রিয় থাকা অবস্থায় আপনার বুক, পেট ও পা অসাড় লাগতে পারে এবং আপনার পায়ে স্বাভাবিকের মতো শক্তি না-ও অনুভব করতে পারেন। এপিডুরাল কাজ করার সময় এরকম হওয়া প্রত্যাশিত এবং লোকাল অ্যানেস্থেটিকের প্রভাব শেষে স্বাভাবিক অবস্থা ফিরে আসবে।

আপনার ভাষায় এপিডুরাল অ্যানেস্থেসিয়া সম্পর্কে আরও তথ্য পেতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন : www.rcoa.ac.uk/patientinfo/translations

স্পাইনাল অ্যানেস্থেটিক

কোমর থেকে পায়ের আঙুল পর্যন্ত স্নায়ুগুলোকে অসাড় করার জন্য আপনার পিঠের নিচের অংশের হাড়ের মধ্যে স্থাপন করা একটি সুইয়ের মাধ্যমে লোকাল অ্যানেস্থেটিক দেওয়া হয়। এই অসাড়তা সাধারণত দুই থেকে চার ঘণ্টা পর্যন্ত স্থায়ী হয়। লম্বা সময় ধরে কার্যকর থাকে এমন একটি ব্যথানাশক ওষুধও ইনজেকশনের মাধ্যমে দেওয়া হতে পারে, যা আট ঘণ্টা বা তারও বেশি সময় ধরে কার্যকর থাকবে।

আপনার ভাষায় স্পাইনাল অ্যানেস্থেটিক সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন : www.rcoa.ac.uk/patientinfo/translations

রোগী নিয়ন্ত্রিত ব্যথানাশক (পিসিএ)

এটি এক ধরনের ব্যথানাশক যা আপনি নিজেই নিয়ন্ত্রণ করতে পারবেন। আপনার ক্যানুলার সাথে যুক্ত একটু পাম্প শক্তিশালী ব্যথানাশক ওষুধ থাকবে। আপনাকে একটি যন্ত্র দেওয়া হবে, এতে একটি বোতাম থাকবে যা পাম্পটিকে সক্রিয় করে। যখন আপনি বোতাম টিপবেন, তখন একটি ছোটো ডোজ দেওয়া হয়। পাম্পটিতে একটি নিরাপত্তা সেটিংস আছে যাতে আপনি দুর্ঘটনাক্রমে খুব বেশি ওষুধ না পান।

ক্ষতস্থানে ব্যবহৃত ক্যাথেটার

এক বা একাধিক ছোটো প্লাস্টিকের টিউবের মাধ্যমে আপনার ক্ষতের চারপাশের স্থানে লোকাল অ্যানেস্থেটিক দেওয়া হয়। এর উদ্দেশ্য হলো ক্ষতের চারপাশের জায়গা অনুভূতিহীন করা। সার্জন বা অ্যানেস্থেটিস্ট অপারেশনের সময় এই টিউবগুলো স্থাপন করেন। এগুলো একটি পাম্পের সাথে সংযুক্ত থাকে যা ক্রমাগত লোকাল অ্যানেস্থেটিক সরবরাহ করে। আপনার অপারেশনের পরে বেশ কয়েক দিন ধরে ক্ষতস্থানে ব্যবহৃত ক্যাথেটারগুলো লাগানো থাকতে পারে।

কিছু মানুষের জন্য অপারেশনের পরে বেদনানাশকের পরিকল্পিত ধরন পরিবর্তন করার দরকার হতে পারে।

- কিছু মানুষের অন্যদের চেয়ে বেশি ব্যথানাশক ওষুধের প্রয়োজন হয় অথবা ব্যথানাশক ওষুধের প্রতি তাদের প্রতিক্রিয়া ভিন্ন হয়। উদ্বিগ্নতা মানুষের ব্যথার অনুভূতি বাড়িয়ে দিতে পারে।
- আপনার ব্যথা হলে আপনার নির্ধারিত ব্যথানাশক ওষুধের পরিমাণ বাড়ানো হতে পারে, আরও ঘন ঘন দেওয়া হতে পারে অথবা ভিন্নভাবে সংমিশ্রণ করে দেওয়া হতে পারে।

অপারেশনের পর

বেশিরভাগ রোগী অপারেশনের পরে রিকভারি স্থানে জেগে উঠবেন। একজন রিকভারি নার্স সব সময় আপনার সাথে থাকবেন। অনেক রোগীকে সরাসরি আইসিইউ বা এইচডিইউতে নেওয়া হতে পারে।

রিকভারি নার্স যা করবেন :

- আপনার রক্তচাপ, অক্সিজেনের মাত্রা এবং পালস রেট পর্যবেক্ষণ করবেন
- একটি মাস্ক বা নাকের ভেতরে রাখা নরম প্লাস্টিকের টিউব দিয়ে আপনাকে অক্সিজেন দেবেন
- আপনার ব্যথার মাত্রা মূল্যায়ন করবেন এবং প্রয়োজনে আপনাকে আরও ব্যথানাশক ওষুধ দেবেন
- আপনার বমি আসলে আপনাকে বমির ওষুধ দেবেন
- আপনার ঠান্ডা লাগলে আপনাকে একটি কম্বল দিয়ে ঢেকে দেবেন
- আপনি জেগে উঠলে আপনার আলাগা দাঁত, শ্রবণযন্ত্র এবং চশমা/কন্টাক্ট লেন্স ফিরিয়ে দেবেন।

ব্যথানাশক ওষুধ হিসাবে আপনাকে এপিডুরাল দেওয়া হলে এটি কতটা কার্যকর আছে তা রিকভারি নার্স পরীক্ষা করবেন। আপনি অস্বস্তিবোধ করলে আপনার অ্যানেস্থেটিস্ট এপিডুরালের পরিমাণ সমন্বয় করতে পারেন অথবা আপনাকে আরও বেদনানাশক দিতে পারেন।

ইন্টেনসিভ বা হাই ডিপেন্ডেন্সি কেয়ার (আইসিইউ বা এইচডিইউ)

যখন আপনি জেগে উঠবেন এবং আরাম বোধ করবেন, তখন আপনাকে রিকভারি স্থান থেকে আইসিইউ বা এইচডিইউতে স্থানান্তরিত করা হবে। সেখানে আপনাকে নিবিড় পর্যবেক্ষণ রাখা হবে এবং প্রয়োজনে বিশেষজ্ঞ চিকিৎসা দেওয়া হবে।

মাঝেমধ্যে, অপারেশন শেষ হওয়ার কয়েক ঘন্টা পর বা আপনার অবস্থা স্থিতিশীল না হওয়া পর্যন্ত অ্যানেস্থেটিক চালিয়ে যাওয়া প্রয়োজন। আপনার এই ধরনের যত্নের প্রয়োজন হলে আপনার অ্যানেস্থেটিস্ট আপনাকে অপারেশনের পরে সরাসরি আইসিইউতে নিয়ে যাবেন। অ্যানেস্থেটিক চলতে থাকবে এবং আপনার শ্বাসক্রিয়ায় সহায়তার জন্য একটি ভেন্টিলেটর (কৃত্রিম শ্বাসযন্ত্র) ব্যবহার করা হবে। আপনার অবস্থা ভালো হলে আইসিইউ টিম আপনাকে যন্ত্র ছাড়াই নিজ থেকে শ্বাস নিতে দেবে এবং আপনি ধীরে ধীরে জেগে উঠবেন।

এইচডিইউ বা আইসিইউতে হাই ডিপেন্ডেন্সি এবং ইন্টেনসিভ কেয়ারে বিশেষজ্ঞ ডাক্তার, নার্স, ফিজিওথেরাপিস্ট এবং ডায়েটিশিয়ানরা আপনার দেখাশোনা করবেন। আপনার সুস্থতা ঠিকভাবে হওয়া নিশ্চিত করতে তাঁরা সার্জিক্যাল টিমের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবেন। আপনি সুস্থ হয়ে উঠতে উঠতে আপনাকে আইসিইউ থেকে এইচডিইউতে স্থানান্তরিত করা হতে পারে।

আপনার ব্যক্তিগত নার্স থাকতে পারে অথবা দুই জন রোগীর জন্য একজন নার্স থাকতে পারে। তিনি নিশ্চিত করবেন যে আপনি স্বাচ্ছন্দ্য বোধ করছেন এবং অসুস্থতা নিয়ন্ত্রণ ও রক্ত জমাট বাঁধা প্রতিরোধ করার জন্য তিনি আপনাকে নির্ধারিত ওষুধ দেবেন। আপনার আরোগ্যলাভে সহায়তা করার জন্য আপনি বাড়িতে যে ওষুধগুলো গ্রহণ করেছেন তার মধ্যে কিছু বন্ধ বা পরিবর্তন করা হতে পারে। আপনার শিরায় তরল দেওয়ার জন্য প্রাথমিকভাবে একটি ড্রিপ দরকার হতে পারে, তবে নার্স আপনাকে যত তাড়াতাড়ি সম্ভব পান করতে এবং খেতে উৎসাহিত করবেন কারণ এটি আপনার আরোগ্যলাভে সহায়তা করবে।

আইসিইউ বা এইচডিইউতে আপনার হৃদস্পন্দন, রক্তচাপ, শ্বাসপ্রশ্বাস এবং কিডনির কার্যকারিতা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হবে। এছাড়াও আপনার অগ্রগতি পরীক্ষা করতে বা কোনও সমস্যা নির্ণয় করতে রক্ত পরীক্ষা, এক্স-রে বা স্ক্যান করা হতে পারে। আপনি সুস্থ হতে হতে আপনাকে পর্যবেক্ষণের প্রয়োজনীয়তা কমতে থাকবে, এবং কিছু ড্রিপ, টিউব ও মনিটর সরিয়ে ফেলা হবে।

নার্স ও ফিজিওথেরাপিস্টরা আপনাকে শ্বাসপ্রশ্বাসের ব্যায়াম শিখিয়ে দেবেন যেগুলো আপনাকে নিয়মিত করতে হবে। আইসিইউ বা এইচডিইউতে থাকাকালীন গভীরভাবে শ্বাস নিতে পারা এবং কার্যকরভাবে কাশতে পারা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি বুকের সংক্রমণ এড়াতে সাহায্য করবে।

ফিজিওথেরাপিস্টরা আপনাকে যত তাড়াতাড়ি সম্ভব বিছানা থেকে উঠতে এবং নড়াচড়া করতে সাহায্য করবেন। এটি আপনার শ্বাসপ্রশ্বাসের ব্যায়ামেও সাহায্য করে। আপনার পেশীর শক্তি বজায় রাখতে, পায়ে রক্ত সঞ্চালন উন্নত করতে এবং সঠিকভাবে সুস্থ হয়ে ওঠার জন্য নড়াচড়া ও হাঁটাচলা বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

অতিথিরা আইসিইউ বা এইচডিইউতে থাকাকালীন আপনাকে দেখতে আসতে পারবেন। পরিদর্শনের জন্য নির্ধারিত সময় এবং অনুমোদিত অতিথির সংখ্যা সম্পর্কে আপনার নার্স আপনাকে পরামর্শ দিতে পারবেন। আপনাকে হয়তো এমন একটি স্থানে দেখাশোনা করা হবে যেখানে অন্যান্য গুরুতর অসুস্থ রোগীরা থাকবেন। স্থানটি ছোটো শিশুদের জন্য উপযুক্ত না-ও হতে পারে। ব্যস্ততা বেশি থাকলে সেখানে পরিদর্শন সাময়িকভাবে সীমাবদ্ধ করার প্রয়োজন হতে পারে।

আরোগ্যলাভ এবং বাড়ি যাওয়া

আপনি নিরাপদে সুস্থ হওয়ার ব্যাপারে যখন আইসিইউ বা এইচডিইউতে আপনার পরিচর্যাকারী দল সন্তুষ্ট হবে, তখন আপনাকে সার্জিক্যাল ওয়ার্ডে ফিরিয়ে নেওয়া হবে।

আপনার কোন ধরনের অপারেশন হয়েছে, জটিলতা এবং অন্য কোনও স্বাস্থ্যগত সমস্যা থাকতে পারে কি না — এগুলোর ওপর আপনার আইসিইউ বা এইচডিইউতে অবস্থানের সময়কাল এবং আপনার বাড়ি যাওয়া নির্ভর করবে।

কিছু হাসপাতালে দ্রুত আরোগ্যলাভের (এনহ্যান্সড রিকভারি) মতো পুনর্বাসন কর্মসূচি আছে। এই ব্যাপারে আরও জানতে ভিজিট করুন : www.nhs.uk/conditions/enhanced-recovery

সার্জারির পর আপনি গাড়ি চালাতে পারবেন না, তাই আপনাকে একটি ট্যাক্সি বা অন্য কারও সাহায্য নিতে হবে এবং আগে থেকেই সেই ব্যবস্থা করে রাখতে হবে।

কোন ব্যায়াম আপনাকে সুস্থ হতে সাহায্য করবে এবং কীভাবে আপনার ক্ষতের যত্ন নিতে হবে, আপনাকে ছেড়ে দেওয়ার আগেই এসব তথ্য জানানো হবে।

যে হাসপাতালে আপনার সার্জারি হয়েছে সেখানে কিংবা আপনার জিপির সাথে যখন অবশ্যই যোগাযোগ করতে হবে :

- আপনার তীব্র ব্যথা হলে অথবা ব্যথা বেড়ে গেলে
- আপনার সার্জারির স্থানে ব্যথা ও ফোলাভাব হলে
- বুকে ব্যথা অনুভব করলে বা শ্বাসকষ্ট হলে
- আপনি এমন কোনও বিষয় নিয়ে উদ্বেগ থাকলে যা আপনাকে হাসপাতালের দেওয়া ডিসচার্জ পেপারে উল্লেখ করা নেই।

খুব অসুস্থ বোধ করলে যত তাড়াতাড়ি সম্ভব আপনার নিকটস্থ জরুরি বিভাগে যান।

ঝুঁকি এবং সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

আধুনিক অ্যানেস্থেটিকগুলো অত্যন্ত নিরাপদ। অ্যানেস্থেটিক ওষুধ অথবা সরঞ্জাম ব্যবহারের কিছু সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া রয়েছে, তবে এগুলো সাধারণত গুরুতর বা দীর্ঘস্থায়ী হয় না। প্রত্যেকের ঝুঁকি ভিন্ন হয়, যা অপারেশনের ধরন এবং অ্যানেস্থেসিয়ার জন্য ব্যবহৃত কৌশলের ওপর নির্ভর করে।

আপনার ক্ষেত্রে কোনও ঝুঁকির পরিমাণ বেশি বলে মনে করলে তা নিয়ে আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আলোচনা করবেন। আপনার ক্ষেত্রে প্রাসঙ্গিক হলেই কেবলমাত্র তাঁরা কম সাধারণ ঝুঁকিগুলো নিয়ে আলোচনা করবেন।

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করে যে রোগীরা নিজেদের জন্য সঠিক সিদ্ধান্ত নিতে সমর্থন পাচ্ছেন। এটি একটি সহযোগিতামূলক প্রক্রিয়া যার মাধ্যমে একজন চিকিৎসক রোগীকে নিজের চিকিৎসার বিষয়ে সিদ্ধান্তে নিতে সহায়তা করেন।

এই কথোপকথনের মধ্যে থাকে :

- চিকিৎসকের দক্ষতা যেমন বিকল্প চিকিৎসা, প্ৰমাণ, ঝুঁকি এবং সুবিধাসমূহ
- রোগী যা ভালো জানেন : নিজের পছন্দ, ব্যক্তিগত পরিস্থিতি, লক্ষ্য, মূল্যবোধ এবং বিশ্বাস।

আরও জানতে ভিজিট করুন : www.england.nhs.uk/personalisedcare/shared-decision-making

কিছু সংস্থান ব্যবহার করে আপনি আপনার অ্যানেস্থেটিস্ট বা প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট কর্মীর সাথে আলোচনার সময়টুকুর সর্বোত্তম ব্যবহার করতে পারেন।

চুজিং ওয়াইজলি ইউকে বিআরএএন ফ্রেমওয়ার্ক

চিকিৎসা সম্পর্কিত কী কী প্রশ্ন জিজ্ঞাসা করবেন মনে রাখতে এটি ব্যবহার করুন।

https://bit.ly/CWUK_leaflet

এনএইচএস আঙ্ক থ্রি কোয়েশ্চন্স

আপনার চিকিৎসার ব্যাপারে বিভিন্ন সিদ্ধান্ত নিতে হতে পারে।

https://bit.ly/NHS_A3Qs

দি সেন্টার ফর পেরিঅপারেটিভ কেয়ার (সিপিওসি)

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ ব্যাখ্যা করার জন্য সিপিওসি একটি অ্যানিমেশন তৈরি করেছে।

www.cpoc.org.uk/shared-decision-making

আপনি যেসব প্রশ্ন করতে চাইতে পারেন

অ্যানেস্থেটিক নিয়ে আপনার কোনও প্রশ্ন থাকলে সেগুলো লিখে রাখুন (আপনি নিচের উদাহরণ ব্যবহার করতে পারেন ও কোনও প্রশ্ন থাকলে যোগ করতে পারেন)। অপারেশনের আগের দিন অ্যানেস্থেটিস্টের সাথে কথা বলতে চাইলে প্রি-অপারেটিভ অ্যাসেসমেন্ট টিমের সাথে যোগাযোগ করুন, তারা অ্যানেস্থেটিস্টের সাথে আপনাকে ফোনে কথা বলিয়ে দেওয়ার অথবা ক্লিনিকে দেখা করানোর ব্যবস্থা করতে পারেন।

1. আমার জন্য নির্দিষ্ট ঝুঁকি কোনগুলো?
2. কোন ধরনের ব্যথানাশক ওষুধ আমার জন্য সর্বোত্তম বলে আপনি মনে করেন?
3. আমার কেন সুনির্দিষ্টভাবে এইচডিইউ বা আইসিইউ প্রয়োজন হবে?

অতিরিক্ত তথ্যের উৎস

আপনার ভাষায় আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন :

www.rcod.ac.uk/patientinfo/translations

এই লিফলেটগুলো আপনার হাসপাতালের অ্যানেস্থেটিক বিভাগ অথবা প্রি-অ্যাসেসমেন্ট ক্লিনিকেও পাওয়া যেতে পারে।

নিবিড় পরিচর্যায় থাকা রোগী ও পরিচর্যাকারীদের জন্য দ্য ফ্যাকাল্টি অব ইন্টেনসিভ কেয়ার মেডিসিন-এর কিছু উপকারী সংস্থান আছে : www.ficm.ac.uk/for-patients

দা

দায় বর্জন বিবৃতি

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোত্তমভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিত। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিত নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে

(www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকরণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

আমরা আপনার মতামত জানতে আগ্রহী

আপনার কোনও মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন :

patientinformation@rcoa.ac.uk

Royal College of Anaesthetists

Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG
020 7092 1500

www.rcoa.ac.uk

তৃতীয় সংস্করণ, এপ্রিল ২০২৩

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

© 2023 Royal College of Anaesthetists

রোগীদের জন্য তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যেতে পারে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনও প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং ও চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।